



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

[www.jessoreboard.gov.bd](http://www.jessoreboard.gov.bd)

## জরুরী বিজ্ঞপ্তি

স্মারক নং- পনি/মাধ্য/বিজ্ঞপ্তি/৬৩/৬৪

তারিখ : ১৫/১০/২০১৭ খ্রিঃ

এতদ্বারা অত্র বোর্ডের আওতাধীন সকল নিম্ন মাধ্যমিক/মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, কিছু কিছু শিক্ষকগণ OTP পূরণের সময় সৃজনশীলের উপর ঢাকাস্থ বেডু কর্তক ১৫/১২ দিনের প্রশিক্ষণ প্রাপ্ত না হওয়া সত্ত্বেও মাস্টার ট্রেইনার অপশন পূরণ করেছেন। ফলে প্রকৃত মাস্টার ট্রেইনার বাছাই করতে জটিলতা সৃষ্টি হচ্ছে। যারা সৃজনশীলের উপর প্রশিক্ষণ গ্রহণ করেন নাই, তাঁরা মাস্টার ট্রেইনার নন। তাদেরকে OTP তে মাস্টার ট্রেইনার অপশন পূরণ না করার জন্য অনুরোধ করা হ'ল।

এমতাবস্থায়, যে সকল শিক্ষক সৃজনশীলের উপর ঢাকাস্থ বেডু কর্তক ১৫/১২ দিনের প্রশিক্ষণ গ্রহণ করেন নাই কিন্তু OTP পূরণের সময় মাস্টার ট্রেইনার অপশন পূরণ করেছেন, আগামী ১৯/১০/২০১৭ তারিখের মধ্যে তাদের তথ্যাদি সংশোধন করার জন্য অনুরোধ করা হ'ল। সংশোধন করা না হলে এবং কোন অভিযোগ পাওয়া গেলে তাদেরকে বিধিমোতাবেক শাস্তিমূলক ব্যবস্থাসহ কালো তালিকাভুক্ত করা হবে।

প্রধান শিক্ষক/অধ্যক্ষ OTP তে নির্ভুল তথ্য upload করার বিষয় নিশ্চিত করবেন। যে কোন ভুল তথ্যের জন্য প্রতিষ্ঠান প্রধান এবং সংশ্লিষ্ট বিষয়ের শিক্ষক যৌথভাবে দায়ী থাকবেন।

### বিষয়টি অতীব জরুরী।

বিঃ দ্রঃ শিক্ষকগণের তথ্য সংযোজন, সংশোধন বা বিয়োজন করার নিয়মাবলী :

[www.jessoreboard.gov.bd](http://www.jessoreboard.gov.bd) তে Login করে OEMS বাটনে ক্লিক করে OEMS LOGIN page এ Login Type এর OTP সিলেক্ট করে অভিন্ন Techer ID ও Password দেয়ার পরে প্রতিষ্ঠান প্রধান বা সংশ্লিষ্ট শিক্ষক তার Personal Information, Educational Information ও Experience Update করার সুযোগ পাবেন।

যে সকল শিক্ষক অবসরপ্রাপ্ত বা মৃত্যুবরণ করেছেন তাদের তথ্যাদি সংশ্লিষ্ট কলেজের জনবল থেকে বিয়োজন করতে হবে। অন্যত্র যোগদান করে থাকলে পুরাতন কর্মস্থলের জনবল থেকে তথ্যাদি বিয়োজন করে নতুন কর্মস্থলের তথ্যাদি upload করতে হবে।

\*\* সকল ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তি Password এর গোপনীয়তা রক্ষা করবেন।

(মাধব চন্দ্র রুদ্র)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর।

ফোন : ০৪২১-৬৮৬৬৬

মোবা : ০১৭৩৩-২২২০০৩

ই-মেইল : [controller@jessoreboard.gov.bd](mailto:controller@jessoreboard.gov.bd)

প্রাপক

কার্যার্থে :

প্রধান শিক্ষক/অধ্যক্ষ

অত্র বোর্ডের আওতাধীন সকল নিম্ন মাধ্যমিক/মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়।